

## লক্ষ লক্ষ পরীক্ষার্থীর কথা বিবেচনা করিয়া হরতাল হইতে বিরত থাকার আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম এক বিবৃতিতে বলেন, যে, সারাদেশে মাধ্যমিক বিদ্যালয়সমূহে এখন বার্ষিক পরীক্ষাসহ আগামী এসএসসি পরীক্ষার্থীদের ক্ষি গ্রহণ ও পরীক্ষার ফরম পূরণের প্রক্রিয়া চলিতেছে। অন্যদিকে উচ্চতর পর্যায়ে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। এমতাবস্থায় দেশের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীদের বার্ষিক ও ফাইনাল পরীক্ষার গুরুত্ব অনুধাবন করিয়া যাহাতে তাহা নিবিঘ্নে সম্পন্ন হইতে পারে তজ্জন্য রবিবারের হরতালসহ অনুরূপ সকল কর্মসূচী প্রদান হইতে বিরত থাকার জন্য বিএনপিসহ সকল রাজনৈতিক দল ও অন্য সকল মহলের প্রতি বিনীত আবেদন জানাতেছি।

হরতাল উপেক্ষা করিয়া

গাড়ী চালানোর আহ্বান

ঢাকা আন্তঃজেলা বাস, মাইক্রো ও মিনিবাস সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের আহ্বায়ক সুলতান রানা, যুগ্ম-আহ্বায়ক (১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ প্রঃ)

## আহ্বান

(শেষ পৃষ্ঠার পর)

নূরুল আমিন নূর ও রেজাই সাত্তার ফারুক এক যুক্ত বিবৃতিতে কতিপয় বিরোধীদের কথায় কথায় হরতাল আহ্বানকে গভীর ষড়যন্ত্র আখ্যায়িত করিয়া ঘোষিত হরতালকে উপেক্ষা করিয়া গাড়ী চলাচল অব্যাহত রাখার জন্য সড়ক পরিবহন নিরোজিত শ্রমিক ও শ্রমিকদের প্রতি আহ্বান জানান এবং ইহার পাশাপাশি গাড়ী চলাচলের সময় শ্রমিকদের জানমালের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারের প্রতি দাবী জানান।

ফুলবাড়ীয়া টার্মিনাল সন্ত্রাস, চাঁদাবাজ ও ছিনতাই নির্মূল কমিটির সভাপতি বেলায়েত হোসেন বাবুল ও সম্পাদক কামরুল ইসলাম এক বিবৃতিতে হরতালের আহ্বানে সাড়া না দিয়া গাড়ী চলাচল অব্যাহত রাখার আহ্বান জানান।